# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

**পরিচালকের কার্যালয়**
**কর্মচারী উন্নয়ন পরিদপ্তর,বাপাউবো**
রহমান চেম্বার (১০ম তলা), ১২-১৩ মতিঝিল, ঢাকা
**ফোনঃ ৯৫৮৮৪৫৮, ৯৫৫০৯৩৭ (ফ্যাক্স)।**
ই-মেইল-dir.staff.bwdb@gmail.com

www.bwdb.gov.bd

OFFICE OF THE DIRECTOR
DIRECTORATE OF STAFF DEVELOPMENT.
RAHMAN CHAMBER (9TH FLOOR),
12-13 MOTIJHEEL, DHAKA-1000.
PHONE: 9588458, 9550937 (Fax).
e-mail-dir.staff.bwdb@gmail.com

বিজ্ঞপ্তি নং-১১৪৮-পাউবো(কউ)/আর-২৩(১৩তম খন্ড) তারিখঃ ৩১/১০/২০১৬ খ্রিঃ

## ‘‘নিয়োগ বিজ্ঞপ্তি’’

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নে বর্ণিত শূন্য পদসমূহে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ছকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ-

| ক্রঃ নং | ক্যাটাগরীর নাম ও বেতন স্কেল | শূন্য পদের সংখ্যা | বয়স সীমা (৩০/১১/২০১৬ খ্রিঃ) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | **হিসাব রক্ষণ কর্মকর্তা/সহকারী পরিচালক (হিসাব)**<br>**বেতন স্কেলঃ** টাকা ২২০০০-৫৩০৬০ | ১৭ (সতের) টি | ১৮-৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাব বিজ্ঞান বা ফিন্যান্স বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক সম্মান ডিগ্রী অথবা মেজর বিষয় হিসাবে হিসাব বিজ্ঞান বা ফিন্যান্সসহ ব্যাচেলর অব বিজনেস এডমিনিস্ট্রেশন বা সমমানের ডিগ্রী: তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না; এবং<br>(খ) এমএস ওয়ার্ড, পাওয়ার পয়েন্ট ও এক্সেলসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা। |
| ২। | **নিরীক্ষা কর্মকর্তা**<br>**বেতন স্কেলঃ** টাকা ২২০০০-৫৩০৬০ | ০৪ (চার) টি | ১৮-৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাব বিজ্ঞান বা ফিন্যান্স বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক সম্মান ডিগ্রী অথবা মেজর বিষয় হিসাবে হিসাব বিজ্ঞান বা ফিন্যান্সসহ ব্যাচেলর অব বিজনেস এডমিনিস্ট্রেশন বা সমমানের ডিগ্রী: তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না; এবং<br>(খ) এমএস ওয়ার্ড, পাওয়ার পয়েন্ট ও এক্সেলসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা। |

(খ) **পাউবো(কউ)/আর-২৩(৬ষ্ঠ খন্ড)/১৬০; তারিখঃ০৩/০৩/২০১১ খ্রিঃ** মোতাবেক নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে আবেদনকৃতদের মধ্য হতে লিখিত পরীক্ষার জন্য যোগ্য প্রার্থীদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

(গ) এ নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান কোটা অনুসরণ করা হবে।

(ঘ) আগ্রহী প্রার্থীদের জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত নিম্ন বর্ণিত ১ (এক) পাতার ফরম পূরণ পূর্বক ডাকযোগে অথবা সরাসরি **আগামী ৩০/১১/২০১৬ খ্রিঃ তারিখ** পর্যন্ত অফিস সময়ের মধ্যে **পরিচালক, কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, রহমান চেম্বার (১০ম তলা), ১২-১৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০** ঠিকানায় অবশ্যই পৌঁছাতে হবে। **খামের উপর প্রার্থীত পদের নাম ও নিজ জেলা অবশ্যই উল্লেখ করতে হবে।** অন্যথায় আবেদন পত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। **এছাড়াও অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।** আবেদনপত্রের নমুনা বাপাউবো'র ওয়েব সাইট (www.bwdb.gov.bd) -এ পাওয়া যাবে।

## চাকরির আবেদন ফরম

৫×৫ সে.মি.
ছবি
(সম্প্রতি তোলা, তিন কপি)
(এক কপি আঠা দিয়ে লাগানো
এবং অপর দুইটি সত্যায়িত কপি)

| | |
|---|---|
| ১ | পদের নাম : |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২ | বিজ্ঞপ্তির নম্বর : | তারিখ : | দি | ন | মা | স | ব | ৎ | স | র | |

| | | |
|---|---|---|
| ৩ | প্রার্থীর নাম : | বাংলায় : |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে) : |

| | | |
|---|---|---|
| ৪ | জাতীয় পরিচয়পত্র নম্বর : | (যে কোনো একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর : | |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৫ | জন্ম তারিখ : | দি | ন | মা | স | ব | ৎ | স | র | ৬. | জন্মস্থান (জেলা) : |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স : | বছর | মাস | দিন |

| | | |
|---|---|---|
| ৮ | মাতার নাম : | |
| ৯ | পিতার নাম : | |

| | | | |
|---|---|---|---|
| ১০ | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর) | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড : | | |
| | ডাকঘর : | | |
| | পোস্ট কোড নম্বর : | | |
| | উপজেলা : | | |
| | জেলা : | | |

| | | | |
|---|---|---|---|
| ১১ | যোগাযোগ : | মোবাইল/টেলিফোন নম্বর: | ই-মেইল (যদি থাকে) : |

| | | | |
|---|---|---|---|
| ১২ | জাতীয়তা : | ১৩ | জেন্ডার : |
| ১৪ | ধর্ম : | ১৫ | পেশা : |

১৬ শিক্ষাগত যোগ্যতা :

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাশের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | |
|---|---|
| ১৭ | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) : |
| ১৮ | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) : |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | কোটা (টিক দিন) : | মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা ☐ | | এতিম/শারীরিক প্রতিবন্ধী ☐ |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ☐ | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য ☐ | অন্যান্য (উল্লেখ করুন) ☐ |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০ | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর : | তারিখ : | দি | ন | মা | স | ব | ৎ | স | র | |
| | ব্যাংক ও শাখার নাম : | | | | | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) : | হ্যাঁ ☐ | না ☐ | প্রযোজ্য নয় ☐ |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করবো। কোনো তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকবো।

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| তারিখ : | দি | ন | মা | স | ব | ৎ | স | র | (প্রার্থীর স্বাক্ষর) |

**বিঃ দ্রঃ** জীবন বৃত্তান্ত ছকের কোন দফা বাদ দেয়া/অপূর্ণ রাখা যাবে না। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে কোন দফা প্রযোজ্য না হয়, তবে সেক্ষেত্রে **প্রযোজ্য নহে** শব্দগুচ্ছ উল্লেখ করতে হবে। জীবন বৃত্তান্ত ছকের কোন দফা অসম্পূর্ণ থাকলে আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

(ঙ) আবেদনপত্রের সাথে কোনো কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে না। শুধুমাত্র সদ্য তোলা ০৩ (তিন) কপি ৫×৫ সে.মি. সাইজের ছবি (০১ (এক) কপি আঠা দিয়ে ফরমে লাগানো এবং অপর ০২ (দুই) টি সত্যায়িত কপি সংযুক্ত) এবং **উপ-পরিচালক, ঢাকা আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা (Deputy Director, Dhaka Regional Accounting Centre,**

**BWDB, Dhaka)** এর অনুকূলে যে কোন সিডিউল ব্যাংক হতে ক্রয়কৃত ১০০০/-(এক হাজার) টাকার শুধুমাত্র MICR নম্বরযুক্ত ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার (অফেরতযোগ্য) দাখিল করতে হবে।

(চ) সরকারী/ আধাসরকারী/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অনাপত্তিপত্রসহ নির্দিষ্ট সময়সীমার মধ্যে আবেদন করতে হবে। অনাপত্তিপত্রের অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়। বিভাগীয় প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারবেন।

(ছ) আবেদনকারীর বয়স **৩০/১১/২০১৬ খ্রিঃ** তারিখে ১৮ বছর থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের অথবা মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এবং প্রতিবন্ধিদের ক্ষেত্রে বয়সের উচ্চসীমা ৩২ (বত্রিশ) বৎসর এবং বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে এস.এস.সি./সমমান সনদপত্র ব্যতীত অন্য কোন প্রশংসাপত্র/এ্যাফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(জ) প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত এবং মৌখিক পরীক্ষায় অবতীর্ণ হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রসমূহের মূলকপি প্রদর্শন করতে হবে এবং ০১ (এক) কপি সত্যায়িত অনুলিপি জমা প্রদান করতে হবে। সকল সত্যায়ন/প্রত্যয়ন ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সম্পাদিত হতে হবে।

১। এসএসসি/সমমান সনদপত্রসহ সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি।
২। প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার জ্ঞানের সমর্থনে সনদপত্রের সত্যায়িত কপি।
৩। উচ্চতর ডিগ্রী/ডিপ্লোমা (যদি থাকে) সনদপত্রের সত্যায়িত কপি।
৪। চাকরির আবেদন ফরমে উল্লিখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তার সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখ করতঃ) জাতীয়তার সনদপত্রের মূল/সত্যায়িত কপি।
৫। প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রথম শ্রেনীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
৬। বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান নির্ধারণী সার্টিফিকেটের সত্যায়িত কপি অবশ্যই দরখাস্তের সাথে দাখিল করতে হবে।
৭। প্রার্থী মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্র (মন্ত্রণালয়ের সনদ, বামুস সনদ), মুক্তিবার্তা/গেজেট নম্বর ও তারিখ, মুক্তিযোদ্ধার বয়স প্রমাণের লক্ষ্যে এস,এস,সি সনদ/জন্মসনদ, মৃত মুক্তিযোদ্ধার মৃত্যু সনদ এবং মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসাবে চাকুরী প্রার্থীদের ক্ষেত্রে উপরোক্ত কাগজপত্রাদিসহ প্রার্থীর সাথে শহীদ মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সম্পর্কের প্রমানক হিসাবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র।
৮। প্রার্থী এবং তার পিতা মাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি।
৯। উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত উপজাতীয় সম্পর্কিত সনদপত্রের সত্যায়িত কপি।
১০। শারীরিক প্রতিবন্ধি প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত শারীরিক প্রতিবন্ধি সম্পর্কিত সনদপত্রের সত্যায়িত কপি।

(ঝ) পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। এ ক্ষেত্রে কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্ত চূড়ান্ত হিসাবে বিবেচিত হবে।

(ঞ) মে ৭, ২০১৩ তারিখে গেজেটে প্রকাশিত এস, আর, ও নং-৯৮-আইন/২০১৩ অনুযায়ী বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১৩ মোতাবেক এই নিয়োগ বিজ্ঞপ্তি জারী করা হলো।

(ট) কর্তৃপক্ষ প্রয়োজনে সকল দরখাস্ত বাতিল করার অধিকার সংরক্ষণ করে। এর জন্য কোন প্রকার জবাবদিহি করতে কর্তৃপক্ষ বাধ্য থাকবে না।

৩১/১০/২০১৬

**(ফজলুর রশিদ)**
পরিচালক (অঃদাঃ)
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

বিজ্ঞপ্তি নং- ১১৪৮/১(৫০) -পাউবো(কউ)/আর-২৩(১৩তম খন্ড) তারিখঃ ৩১/১০/২০১৬ খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

১. সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণঃ উপ-সচিব, প্রশাসন অধিশাখা-০১)।
২. প্রধান, প্রশিক্ষণ ও কর্মচারী উন্নয়ন, বাপাউবো, ঢাকা ।
৩. প্রধান, মনিটরিং, বাপাউবো, ঢাকা। **(তাঁকে উপরোক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। এতদসঙ্গে বিজ্ঞপ্তির সফট কপি সিডিতে (১টি) প্রেরণ করা হলো)।**
৪. নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব), বাপাউবো, ঢাকা।
৫. পরিচালক, কার্যক্রম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৬. সচিব, বাপাউবো, ঢাকা।

৭. পরিচালক, প্রচার সেল, বাপাউবো, ঢাকা **(তাঁকে উপরোক্ত জরুরী বিজ্ঞপ্তিটি আবশ্যিকভাবে বহুল প্রচারিত ন্যূনতম দুইটি (০১টি বাংলা ও ০১টি ইংরেজি) দৈনিক জাতীয় পত্রিকায় প্রকাশকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। এতদ্সঙ্গে বিজ্ঞপ্তির হার্ড কপি ও সফট কপি সিডিতে (১টি) প্রেরণ করা হলো)।**

৮. নির্বাহী প্রকৌশলী (নিয়োগ ও পরীক্ষা), কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

৯. মহাপরিচালক মহোদয়ের চীফ স্টাফ অফিসার, বাপাউবো, ঢাকা।

১০. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা) বাপাউবো, ঢাকা।

১১. নোটিশ বোর্ডের কপি।

১২. নথির কপি।

**(কামরুজ্জামান খান)**
নির্বাহী প্রকৌশলী (নিয়োগ ও পরীক্ষা)
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।